# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫

৩. কিতাবুল ইসরা [ও মে’রাজ] (الإسراء)

আরবী

أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَنْبَأَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ حَدَّثَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ: سَمِعْتُ رسول الله صلى الله عليه وسلم يَقُولُ:

(لَمَّا كَذَّبَتْنِي قُرَيْشٌ قُمْتُ فِي الْحِجْرِ فجلَّى اللَّهُ لِي بَيْتَ الْمَقْدِسِ فَطَفِقْتُ أُخبرهم عن آياته وأنا أنظر)

[illegible]

[تعليق الشيخ الألباني]

صحيح ـ ((تخريج فقه السيرة)) (138): ق.

الحديث: 55 ¦ الجزء: 1 ¦ الصفحة: 184

বাংলা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا أَرَى بَيْتَ الْمَقْدِسِ صَفِيَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيَنْظُرَ إِلَيْهَا وَيَصِفَهَا لِقُرَيْشٍ لَمَّا كَذَّبَتْهُ بِالْإِسْرَاءِ

যখন মক্কার কুরাইশরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইসরা (মি’রাজ) কে অবিশ্বাস করেছিল, তখন আল্লাহ জাল্লা ওয়া আলা তাঁর বন্ধু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সম্মুখে বাইতুল মাকদিস কে দেখিয়েছিলেন (তুলে ধরেছিলেন) এবং তিনি তা দেখে দেখে কুরাইশদের সামনে এর বর্ণনা দিয়ে যাচ্ছিলেন- এ সংক্রান্ত বর্ণনা:

৫৫. জাবির ইবনু ’আবদুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যখন কুরায়শরা (মিরাজের ঘটনায়) আমাকে মিথ্যা সাব্যস্ত করতে লাগল, তখন আমি হিজরে দাঁড়ালাম। আল্লাহ্ তা’আলা বায়তুল মাকদিসকে আমার সামনে উদ্ভাসিত করে দিলেন। আমি তা দেখে দেখে তার

সকল নিশানা তাদের বলে দিতে লাগলাম।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
তাখরীজ: বুখারী, , ৩৮৮৬, ৪৭১০; মুসলিম ১৭০; তিরমিযী, ৩১৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন